**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 04-05-2026** **Desk in Charge : S.D.G.**
**Time : 7.35 AM** **Edit. & Compile : Susmita S.**
**DEO : KB** **NRT : Susmita Sen**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) কঠোর নিরাপত্তায় আর কিছুক্ষণের মধ্যে ৭৭'টি কেন্দ্রে রাজ্যের বিধানসভা নির্বাচনে, ২৯৩'টি আসনে ভোট গণনা শুরু হতে চলেছে। #সকাল ৮'টায় পোস্টাল ব্যালট গোনা শুরু হবে। EVM খোলা হবে সাড়ে আটটায়।

২) গণনা কেন্দ্রগুলির ত্রিস্তরীয় সুরক্ষা ব্যবস্থা কোণভাবে লঙ্ঘিত হলে, তার দায় নিরাপত্তা কর্মীদের নিতে হবে বলে জানিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

৩) দ্বিতীয় দফায় ভোটগ্রহণের দিন, ফলতা বিধানসভা কেন্দ্রের বিতর্কিত ৬০ বুথের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের বিরুদ্ধে, কঠোর ব্যবস্থা নেওয়ার ইঙ্গিত দিয়েছে নির্বাচন কমিশন ।

৪/ উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রামের সুভাষ নগরে, গতসন্ধ্যায় নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রের ভিভিপ্যাট স্লিপ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য। #কমিশন জানিয়েছে, উদ্ধার হওয়া স্লিপগুলি, মকপোলের।

৫/ রাজ্যে আজ ভোট গণনার দিন, কলকাতা সহ বিভিন্ন জেলায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস।

************************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে, দক্ষিণ ২৪ পরগণার ফলতা বাদে ২৯৩ টি আসনে আজ সকাল ৮ টা থেকে শুরু হতে চলেছে ভোটগণনা। সকাল ৮'টায় প্রথমে পোস্টাল ব্যালট গোনা শুরু হবে। EVM খোলা হবে সাড়ে আট'টায়।

নির্বাচন কমিশন, গণনা প্রক্রিয়া সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে ১৬৫ জন অতিরিক্ত কাউন্টিং অবসার্ভার এবং ৭৭ জন পুলিশ অবসার্ভার নিয়োগ করেছে। কমিশন প্রকাশিত তালিকায় ৪৩২ জন পর্যবেক্ষক নিয়োগের জেলাভিত্তিক তালিকা প্রকাশ করা হয়। এর মধ্যে উত্তর ২৪ পরগণার ৩৩'টি আসনে সবচেয়ে বেশী ৪৯ জন পর্যবেক্ষক রয়েছেন। এরপরেই রয়েছে দক্ষিণ ২৪ পরগণা, সেখানে ৩১টি আসনে ৪৫ জন পর্যবেক্ষক থাকার কথা। যদিও, এই জেলার ফলতা আসনে ২১শে মে পুনর্নির্বাচন ঘোষণা হওয়ায়, আজ গণনা হবেনা।

এছাড়াও, কলকাতার ১১টি আসনে গণনা পর্যবেক্ষক থাকছেন, ১২ জন । মুর্শিদাবাদের ২২-টি আসনে ৩৩ এবং মালদার ১২ টি আসনে ১২ জন পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে প্রথম দফায় ১৬ টি জেলার ১৫২ টি আসনের জন্য ভোট নেওয়া হয় ২৩শে এপ্রিল। দ্বিতীয় দফায় ৭'টি জেলায় ১৪২ টি আসনে নির্বাচন হয় ২৯শে এপ্রিল।

***************************

রাজ্যের গণনা কেন্দ্রগুলির নিশ্চিদ্র নিরাপত্তা সুনিশ্চিত করতে ত্রিস্তরীয় ব্যবস্থা রাখা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতসন্ধ্যায় সাংবাদিক সম্মেলনে জানান, নিরাপত্তা লঙ্ঘনের কোনোরকম ঘটনায় কড়া ব্যবস্থা নেবে কমিশন।

( বাইট- মনোজ কুমার আগরওয়াল)

গণনাকেন্দ্রে প্রবেশ নিয়েও জারি হয়েছে কড়া নির্দেশিকা। শুধুমাত্র কিউআর কোড-ভিত্তিক পরিচয়পত্র থাকলেই প্রবেশের অনুমতি মিলছে। এই পরিচয়পত্র ইসিআইনেটের মাধ্যমে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারদের দ্বারা জারি করা হয়। গণনা কক্ষের ভেতরে শুধুমাত্র কাউন্টিং অবজারভার এবং রিটার্নিং অফিসার ছাড়া কারোর'ই মোবাইল ফোন নিয়ে প্রবেশের অনুমতি থাকছেনা।

গণনা কেন্দ্রগুলির নিরাপত্তার পাশাপাশি সামগ্রিক আইনশৃঙ্খলা সম্পর্কে কমিশনের পদক্ষেপ সম্পর্কে জানাচ্ছেন আমাদের প্রতিনিধি-

( ভিসি- অভিরূপ )

***************************

কলকাতার দুই নির্বাচনী জেলার **১১** টি আসনে ভোট নেওয়া হয় দ্বিতীয় দফায়, ২৯শে এপ্রিল। কলকাতা **দক্ষিণে রয়েছে চারটি কেন্দ্র**- ভবানীপুর, রাসবিহারী, বালিগঞ্জ ও কলকাতা-বন্দর। এগুলির গণনা হচ্ছে- সাখওয়াত মেমোরিয়াল গভ. গার্লস হাইস্কুল, বালিগঞ্জ গভ. হাইস্কুল, বাবাসাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটি, সেন্ট থমাস বয়েজ স্কুলে।

ভবানীপুর আসনের গণনা কেন্দ্র সাখওয়াত মেমোরিয়াল থেকে এখনকার পরিস্থিতি জেনে নেব আমাদের প্রতিনিধির কাছ থেকে- ( ভিসি- অভিজিৎ )

অন্যদিকে, কলকাতা **উত্তরের সাতটি** কেন্দ্রের গণনা হচ্ছে, নেতাজী ইনডোর স্টেডিয়ামে।

***************************

রাজ্যের **জেলাগুলিতে** গণনা প্রক্রিয়া সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন, ব্যাপক বন্দোবস্ত করেছে।

**বাঁকুড়া** জেলার **১২** টি আসনে ভোট নেওয়া হয় প্রথম দফায়- ২৩শে এপ্রিল। গণনার প্রস্তুতি নিয়ে জানাচ্ছেন আমাদের জেলা সংবাদদাতা ( দেবাশিস মৌলিক) -

( ভিসি- বাঁকুড়া/ দেবাশিস )

**নদীয়ার** **১৭** টি আসনে দ্বিতীয় দফায় ২৯শে এপ্রিল ভোট নেওয়া হয়। গণনার প্রস্তুতি নিয়ে বিস্তারিত জেনে নেব, আমাদের জেলা সংবাদদাতার কাছ থেকে।

অনুপম, তোমার ওখানে গণনা কেন্দ্রের পরিস্থিতি কেমন দেখছো?

( ভিসি- নদীয়া/ অনুপম )

বিধানসভার **১২** টি আসন নিয়ে **মালদা,** রাজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ জেলা। সেখানকার ভোট গণনার শেষ মুহূর্তের প্রস্তুতি সম্পর্কে জানাচ্ছেন আমাদের জেলা সংবাদদাতা ।

( ভিসি- মালদা/ সহেলী )

**জলপাইগুড়ি** জেলার আসনগুলির ভোট গণনার চূড়ান্ত ব্যবস্থাপনা নিয়ে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন- ( ভিসি- জলপাইগুড়ি/ চন্দনা )

অন্যান্য জেলাতেও গণনা কেন্দ্রে পৌঁছে গেছেন দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট আধিকারিকরা।

***************************

ভবানীপুর কেন্দ্রে গণনা শুরু হওয়ার আগেই একটি বিতর্ক শুরু হয়েছে। SUCI এজেন্ট বাইরে বেরিয়ে এসে অভিযোগ জানান যে বিজেপির এজেন্টদের সাদা কাগজ নিয়ে ভেতরে ঢুকতে দেয়া হয়েছে যা নিয়ম বহির্ভূত। নিরাপত্তার বেষ্টনি থাকা সত্ত্বেও তারা এইভাবে কি করে ভেতরে ঢুকলেন সে বিষয়ে প্রশ্ন তোলেন SUCI ।

***************************

আজ, বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ **সকাল ১০টা থেকে বিকেল চারটে** পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান জনমত-২০২৬ সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে **রাত আটটা পাঁচ থেকে ন'টা** পর্যন্ত। নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ-টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও জনমত- ২০২৬ শোনা যাবে।

***************************

দ্বিতীয় দফায় ভোটগ্রহণের দিন, দক্ষিণ ২৪ পরগনার **ফলতা** বিধানসভা কেন্দ্রের বিতর্কিত ৬০ বুথের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের বিরুদ্ধে নির্বাচন কমিশন কঠোর ব্যবস্থা নেওয়ার ইঙ্গিত দিয়েছে।

ওই বুথগুলির ফার্স্ট, সেকেন্ড, থার্ড পোলিং অফিসার এবং প্রিসাইডিং অফিসার, রিটার্নিং অফিসার ও অবজার্ভার সহ ২৪২ জনের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে রিপোর্ট পাঠানো হয়েছে। জেলা নির্বাচনী আধিকারিক এবং বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্তর পাঠানো ওই রিপোর্টে, কর্তব্যে গাফিলতি, অভিযোগ উপেক্ষা এবং সময়মতো পদক্ষেপ না করার মতো একাধিক বিষয়ের উল্লেখ রয়েছে।

জানা গেছে, সংশ্লিষ্ট বুথগুলিতে ইভিএমের উপর 'ব্ল্যাক শেড' লাগানো ছিল। রিটার্নিং অফিসার সেই বিষয়টি স্বীকার করলেও, কেন অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয়নি তা নিয়ে প্রশ্ন উঠেছে।

***************************

মধ্যমগ্রামের সুভাষ নগর বাসস্ট্যান্ডের কাছে গতসন্ধ্যায় একটি ডাস্টবিন থেকে ভিভিপ্যাট স্লিপ উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

উত্তর ২৪ পরগনার নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের প্রতীক চিহ্ন সম্বলিত স্লিপগুলি উদ্ধারের ঘটনায় প্রাথমিক তদন্তের পর নির্বাচন কমিশন জানিয়েছে, স্লিপগুলি ভোটের আগের দিনের মক পোলের। বিষয়টি যাচাই করে ব্যবস্থা গ্রহণের জন্য আনুষ্ঠানিকভাবে অভিযোগ দায়ের করা হয়েছে।

***************************

রাজ্যে আজ, ভোট গণনার দিন কলকাতা ও সন্নিহিত জেলায় দুর্যোগপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, কলকাতা সহ পার্শ্ববর্তী এলাকায় আজ বৃষ্টির পরিমাণ বাড়বে। পশ্চিমবঙ্গ ও উত্তর ওড়িশার উপকূলবর্তী এলাকায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে আগামী দুদিন, মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

**************************************************************************